**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৬/২০২৫ জে, তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের বিভিন্ন অনলাইন পোর্টাল ব্যবহারের ক্ষেত্রে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহারকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের জন্য বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর), ব্যক্তিগত ডাটা শীট (পিডিএস), আইডি কার্ডের আবেদন, অধস্তন আদালতের রায় ও আদেশ অনলাইনে আপলোড, বিচারিক ও প্রশাসনিক কাজের মাসিক বিবরণী অনলাইনে প্রেরণসহ বিভিন্ন কাজের জন্য কয়েকটি অনলাইন পোর্টাল প্রস্তুত করা হয়েছে এবং বিচারকগণ এসব সফটওয়্যার ইতোমধ্যে ব্যবহার শুরু করেছেন।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক কর্মকর্তাকে অত্র কোর্ট হতে প্রাথমিকভাবে যে পাসওয়ার্ড প্রদান করা হয়েছিল, পরবর্তীতে তিনি তা আর পরিবর্তন করেননি, যা নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। উল্লেখ্য, কাজের সুবিধার্থে প্রাথমিক পাসওয়ার্ডটি সহজ বা দূর্বল দেয়া হয়। তবে ব্যবহারকারী নিজের সুবিধামতো কঠিন বা শক্তিশালী পাসওয়ার্ড সেট করে নিতে পারেন। যেহেতু অনলাইন পোর্টালগুলোতে কর্মকর্তাদের অনেক গোপনীয় (ব্যক্তিগত ও দাপ্তরিক) তথ্য রয়েছে, যা হ্যাকারের কবলে পড়লে তথ্য চুরি, তথ্য নষ্ট হওয়া, ব্ল্যাকমেইল ইত্যাদির হুমকি রয়েছে, তাই অবিলম্বে প্রত্যেক কর্মকর্তার পাসওয়ার্ড পরিবর্তন করে কঠিন বা শক্তিশালী পাসওয়ার্ড সেট করা আবশ্যক।

৩। পাসওয়ার্ড সেট করার জন্য যেকোন প্যানেলে লগইন করার পর উপরে ডানপাশে থাকা Change Password লিংকটিতে ক্লিক করবেন। পাসওয়ার্ড শক্তিশালী করার জন্য নিম্নলিখিত নীতি অবলম্বন করতে হবে :

- পাসওয়ার্ড কমপক্ষে ৮ অক্ষরের হতে হবে।
- পাসওয়ার্ডে কমপক্ষে একটি ক্যাপিটাল লেটার থাকতে হবে।
- পাসওয়ার্ডে কমপক্ষে একটি স্মল লেটার থাকতে হবে।
- পাসওয়ার্ডে কমপক্ষে একটি নাম্বার থাকতে হবে।
- পাসওয়ার্ডে কমপক্ষে একটি সিম্বল (!, @, #, $, ^, (, * ইত্যাদি) থাকতে হবে। উদাহরণ : vN%^am5Kea.
- ব্যক্তির নাম, জায়গার নাম, মোবাইল নাম্বার, জন্ম সাল ইত্যাদি পাসওয়ার্ড হিসেবে ব্যবহার অনুচিত।
- পাসওয়ার্ডে ইংরেজি ডিকশনারী শব্দ (যার অর্থ রয়েছে) ব্যবহার করা নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ।
- নিজ তথ্যের নিরাপত্তার স্বার্থে পাসওয়ার্ড কারো সাথে শেয়ার করবেন না।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের বিভিন্ন অনলাইন পোর্টাল ব্যবহারের ক্ষেত্রে বর্ণিত নীতি অনুসরণ করতঃ অবিলম্বে নিজ নিজ পাসওয়ার্ড পরিবর্তন করে কঠিন বা শক্তিশালী পাসওয়ার্ড সেট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে
**স্বাক্ষরিত**
(ড. আজিজ আহমদ ভূঞা)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৪৯০৩ জে, তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------- ------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -------------------------------------(সকল)।

CamScanner

৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,-------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,---------------------------------------- (সকল) ।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৩। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

২৬.০৫.২৫

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫
ইমেইল: aticklaw@gmail.com

CS CamScanner